গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........................................ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................................ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সমৃদ্ধ বীমা শিল্প গঠনে এ শিল্পে নিয়োজিত মানব সম্পদের প্রয়োজনীয় পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির জন্য ১৯৭৩ সালের ২৯ নভেম্বর বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি প্রতিষ্ঠা করে। 'ডিজিটাল বাংলাদেশ', রূপকল্প-২০২১ এবং টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রাকে সামনে রেখে একাডেমি বীমা শিল্পের প্রসারে তথ্য প্রযুক্তির ব্যবহার এবং মানসম্পন্ন শিক্ষা-প্রশিক্ষণ প্রদানে সহায়ক ভূমিকা রাখছে। একাডেমি বীমা সেক্টরে সংশ্লিষ্ট সকল স্টেক হোল্ডারদের দক্ষতা উন্নয়নে নিয়মিতভাবে বিভিন্ন শিক্ষা ও প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন করে যাচ্ছে। বিগত তিন বছরে একাডেমি ৮৮টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৪৭৫৬ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং এই সময়ে ৮০ জন শিক্ষার্থী একাডেমি থেকে পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (ABIA) ইন ইনসিওরেন্স অর্জন করেছে। বিগত ৩ বছরে একাডেমির মাধ্যমে চাটার্ড ইনসিওরেন্স ইন্সটিটিউট (লন্ডন) কর্তৃক পরিচালিত ACII কোর্সে ৬ জন শিক্ষার্থী এসিআইআই ডিগ্রী অর্জন করতে সক্ষম হয়েছে । এ ছাড়াও গত ৩ বছরে একাডেমি বীমা বিষয়ক ৮টি সেমিনার ও কর্মশালা আয়োজন করেছে। একাডেমি অভীষ্ঠ লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে এবং সে অনুযায়ী কাজ করে যাচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সর্বশেষ উদ্ভাবিত শিক্ষণ পদ্ধতি ও তথ্য প্রযুক্তির ব্যবহারে একাডেমির জনবলের ইপ্সিত সক্ষমতার অভাব রয়েছে। একাডেমিতে জনবলের ঘাটতি এবং প্রশিক্ষণার্থীদের ডিজিটাল নেটওয়ার্কের সমস্যা ও সর্বোপরি বীমাকে পেশা হিসাবে নেবার জন্য সাধারণ মানুষের আগ্রহের অভাবে একাডেমি বীমা শিল্পে দক্ষ জনবল সৃষ্টিতে কাঙ্খিত ভূমিকা রাখতে পারছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

একাডেমির পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সের সিলেবাস আধুনিকায়ন করা হবে। অন্যান্য প্রশিক্ষণ কোর্স সমূহের সিলেবাস ও ম্যানুয়াল আধুনিকায়ন করা হবে। বীমা শিল্পের জন্য প্রয়োজনীয় সংখ্যক এ্যাকচুয়ারি সৃষ্টির লক্ষ্যে একাডেমি দেশী/বিদেশী বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় একাডেমিতে এ্যাকচুয়ারিয়াল সাইন্স কোর্স চালুর পরিকল্পনা গ্রহণ করেছে। দেশের আপামর জনসাধারণের বীমা সচেতনতা নিশ্চিতকরণের লক্ষ্যে বিভাগীয় ও শহরে বীমা সচেতনতা সংক্রান্ত সেমিনার আয়োজন করা হবে। বীমা শিল্পের ক্রমবর্ধমান চাহিদার সাথে সঙ্গতি রেখে শিক্ষা-প্রশিক্ষণ কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে -একাডেমি অধিক সংখ্যক অনুষদ সদস্য নিয়োগের লক্ষ্যে একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরীর পদক্ষেপ গ্রহণ। একাডেমি নিজস্ব অনুষদ সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য তাদেরকে দেশে/বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, সেমিনার ও কর্মশালায় প্রেরণ করবে। অধিক সংখ্যক ক্লাশ রুম, সেমিনার রুম, ক্যান্টিন রুমসহ প্রশিক্ষণার্থীদের জন্য ডরমেটরীর ব্যবস্থা করার লক্ষ্যে একাডেমি ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। বীমা শিল্পের চাহিদা অনুযায়ী গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৩০ টি বীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা
- বীমা পেশায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে ২টি সেশনের মাধ্যমে এবিআইএ পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পরিচালনা করা
- ACII কোর্সের (Associateship of Chartered Insurance Institute, London) ২ সেশনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা
- বীমা বিষয়ক ৪টি সেমিনার, কর্মশালা ও সিম্পোজিয়াম আয়োজন করা
- ১টি 'ইনসিওরেন্স জার্নাল', ১টি 'বীমা বার্তা' ও শীর্ষক প্রশিক্ষণ ম্যানুয়াল ছাপানো

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বীমা শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল বীমা পেশাজীবী গড়ে তোলা ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক) বীমা পেশায় পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রদানের মাধ্যমে এ পেশায় উচ্চ জ্ঞান সম্পন্ন পেশাদার বীমাবিদ তৈরী করা;

খ) বীমার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ ও প্রশিক্ষিত বীমা পেশাজীবি তৈরী করা;

গ) অন্যান্য পেশায় নিয়োজিত কর্মীদের চাহিদা অনুযায়ী বীমা প্রশিক্ষণ প্রদান করা;

ঘ) বীমা বিষয়ে গবেষণা পরিচালনা, দেশে ও বিদেশে বিভিন্ন বীমা শিক্ষা প্রতিষ্ঠানের সাথে নিবিড় যোগাযোগ স্থাপন ও সম্পর্ক তৈরী করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে বীমা শিল্পের উন্নয়ন সাধনসহ এ শিল্পে পেশাগত জ্ঞান সম্পন্ন দক্ষ মানব সম্পদ তৈরী করা

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বীমা শিল্পে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ প্রদান

২. বীমা শিল্পে দক্ষ ও প্রশিক্ষিত পেশাজীবী গড়ে তোলার লক্ষ্যে আগ্রহীদের জন্য এবিআইএ পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম আয়োজন করা

৩. বীমা বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা

৪. সমসাময়িক বীমা বিষয়ের উপর সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়াম আয়োজন

৫. বীমা শিল্পের বিভিন্ন বিষয়ের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| বীমা শিল্পে দক্ষ ও পেশাদার জনবল তৈরী | প্রশিক্ষিত জনবল | ১১০০ | ১১০০ | ১২০০ | ১২৫০ | ১৩০০ | ১৩৫০ | বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি | প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে বীমা শিল্পের উন্নয়ন সাধনসহ এ শিল্পে পেশাগত জ্ঞান সম্পন্ন দক্ষ মানব সম্পদ তৈরী করা | ৭৫ | [১.১] বীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.১.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২৫ | ৩০ | ২১ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ৩৫ | ৪০ |
| | | [১.২] বীমা পেশায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে এবিআইএ পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পরিচালনা | [১.২.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২৫ | ২ | ২ | ২ | | ২ | ২ | | | |
| | | [১.৩] ACII (Associateship of Chartered Insurance Institute, London) শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা | [১.৩.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ২ | ২ | | ২ | ২ | | | |
| | | [১.৪] ইনসিওরেন্স জার্নাল, বীমা বার্তা প্রকাশ এবং প্রশিক্ষণ ম্যানুয়াল ছাপানো | [১.৪.১] প্রকাশনা | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ২ | ২ | | ২ | ২ | | | |
| | | [১.৫] সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়াম আয়োজন | [১.৫.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ৪ | ৪ | ৩ | ৪ | ৪ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ’র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................<br>পরিচালক<br>বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি | ২৯.০৭.২০২০<br>............................................<br>তারিখ |
| ............................................<br>সিনিয়র সচিব<br>আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | 29/7/2020ই<br>............................................<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআইএ | বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি |
| ২ | এবিআইএ | এসোসিয়েটশীপ অব বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি |
| ৩ | এসিআইআই | এসিআইআই এসোসিয়েটশীপ অব চার্টার্ড ইনসিওরেন্স ইন্সটিটিউট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.১.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | ৩০ টি বীমা বিষয়ক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা | বিআইএ | সংখ্যা | প্রতিবেদন |
| [১.২] বীমা পেশায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে এবিআইএ পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পরিচালনা | [১.২.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | বীমা পেশায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে ২টি সেশনের মাধ্যমে এবিআইএ পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পরিচালনা করা | বিআইএ | সেশন | প্রতিবেদন |
| [১.৩] ACII (Associateship of Chartered Insurance Institute, London) শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা | [১.৩.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | ACII কোর্সের (Associateship of Chartered Insurance Institute, London) ২ সেশনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা | বিআইএ | সেশন | প্রতিবেদন |
| [১.৪] ইনসিওরেন্স জার্নাল, বীমা বার্তা প্রকাশ এবং প্রশিক্ষণ ম্যানুয়াল ছাপানো | [১.৪.১] প্রকাশনা | বীমা বিষয়ক ৪টি সেমিনার, কর্মশালা ও সিম্পোজিয়াম আয়োজন করা | বিআইএ | সংখ্যা | প্রতিবেদন |
| [১.৫] সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়াম আয়োজন | [১.৫.১] আয়োজিত প্রোগ্রামের সংখ্যা | ১টি ‘ইনসিওরেন্স জার্নাল’, ১টি ‘বীমা বার্তা’ ও শীর্ষক প্রশিক্ষণ ম্যানুয়াল ছাপানো | বিআইএ | সংখ্যা | প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|